

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স - ৪১০৩(আগরতলা, ১১।২)  
অমরপুর, ১১ ফেব্রুয়ারি, ২০১৯

**অমরপুরে জাতীয় সড়ক সুরক্ষা সপ্তাহ উদযাপন**

৩০তম জাতীয় সড়ক সুরক্ষা সপ্তাহ উদযাপনের অঙ্গ হিসাবে গত ৮ ফেব্রুয়ারি অমরপুর মোটর স্ট্যাণ্ডে আলোচনাচক্র, চক্ষু চিকিৎসা এবং সচেতনতামূলক শিবির অনুষ্ঠিত হয়। প্রদীপ প্রজ্জ্বলন করে অনুষ্ঠানের সূচনা করেন বিধায়ক রঞ্জিত দাস। উপস্থিত ছিলেন মহকুমা শাসক সুভাষ চন্দ্র সাহা, এস ডি পি ও উত্তম বণিক এবং জেলা পরিবহণ আধিকারিক এস কে চাকমা প্রমুখ। আলোচনাচক্রের শেষে চক্ষু চিকিৎসা শিবিরে ২৪ জন পরিবহণ কর্মীর চোখ পরীক্ষা করা হয়। এছাড়া পরিবহণ দপ্তরের পক্ষ থেকে গাড়ীর ফিটনেস সহ অন্যান্য কাগজপত্র এবং দ্বি-চক্র যান চালকদেরও হেলমেট সহ প্রয়োজনীয় কাগজপত্র সঠিকভাবে রাখার উপর গুরুত্ব আরোপ করা হয়। এছাড়া, সড়ক সুরক্ষার বিষয়ে কুইজও অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পরিবহণ কর্মী সংগঠনের সভাপতি রতন চক্রবর্তী।

\*\*\*\*\*